# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র　　বিষয় কোড: ২৭৮

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　সৃজনশীল প্রশ্ন　　পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.▶** জনাব মিজান শাপলা লিমিটেড এর একজন ব্যবস্থাপক। তার প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য তিনি সর্বাত্মক চেষ্টা করেন। তিনি কাজের ক্ষেত্রে অত্যন্ত সতর্কতা অবলম্বন করেন। কোন কাজ শুরু করার আগে তিনি পরিকল্পনা করেন। পরিকল্পনা বাস্তবায়নের জন্য কর্মীদের সর্বাত্মক সুবিধা প্রদান করেন। কর্মীদের মধ্যে ঐক্য সৃষ্টির মাধ্যমে লক্ষ্য অর্জনের চেষ্টা করেন।

ক. ব্যবস্থাপক কে? ১

খ. ব্যবস্থাপনা বলতে কী বোঝ? ২

গ. জনাব মিজান ব্যবস্থাপনা প্রক্রিয়ায় কোন কোন বিষয়গুলো অন্তর্ভুক্ত করেছেন তার বর্ণনা কর। ৩

ঘ. জনাব মিজান ব্যবস্থাপনার অন্তর্ভুক্ত বিষয়গুলো প্রতিষ্ঠানে কীভাবে কাজে লাগাবেন তার ওপর মতামত দাও। ৪

**২.▶** জনাব আলী একটি মৎস্য খামার স্থাপনের লক্ষ্যে অগ্রণী ব্যাংক হতে ২০,০০০ টাকা গ্রহণ করেন এবং নিজের জমানো টাকা হতে ৫,০০০ টাকা সরবরাহ করেন। মৎস্য চাষের মাধ্যমে নিজের ভাগ্যোন্নয়নের জন্য তিনি পরিকল্পনা গ্রহণ করলেন। তিনি প্রাথমিকভাবে একটি পুকুর বন্ধক নিয়ে কাজ শুরু করেন। সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য দুজন কর্মী নিয়োগ করেন। পরিকল্পনা মাফিক কাজ করায় তিনি মৎস্য চাষে সফল হলেন।

ক. পরিকল্পনা কী? ১

খ. স্থায়ী পরিকল্পনা বলতে কী বোঝায়? ২

গ. জনাব আলী যদি পরিকল্পিতভাবে কাজ করতেন তাহলে কী ফলাফল দেখা দিত? ৩

ঘ. পরিকল্পনা গ্রহণ করতে কী কী বিষয় বিবেচনা করতে হয় জনাব আলীর প্রেক্ষিতে মূল্যায়ন কর। ৪

**৩.▶** জিনিয়াস ট্রেডিং কোম্পানির উৎপাদিত পণ্য চেইনশপের মাধ্যমে বাজারজাত করে। কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব মাশরাফি খান

http://teachingbd.com

উৎপাদন ব্যবস্থাপক ও বিক্রয় ব্যবস্থাপক দুজনকেই তাদের স্ব স্ব বিভাগের দায়িত্ব ও কর্তৃত্ব অর্পণ করেছেন। তারপরেও তিনি তার প্রতিষ্ঠানের কার্যভিত্তিক ও দ্রব্যভিত্তিক বিভাগীয়করণের সমন্বয় ঘটাতে চান। তার প্রতিষ্ঠানে একই সাথে একই কর্মীকে দুজন নির্বাহীর কাছে জবাবদিহির বিধান তিনি পুরোপুরি অনুসরণ করেন। এ কারণে কোনো কোনো কর্মী মাঝে মাঝে অসন্তুষ্টি প্রকাশ করলেও তিনি প্রতিষ্ঠানের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় খুশিই।

ক. সংগঠিতকরণ কী? ১

খ. আদর্শ সংগঠনের প্রধান বৈশিষ্ট্যটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব মাশরাফি খান তার প্রতিষ্ঠানে কোন ধরনের সংগঠন কাঠামো গড়ে তুলেছেন তা বর্ণনা কর। ৩

ঘ. 'উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের সংগঠন কাঠামোটি সরলরৈখিক'— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৪.▶জনাব তাপস তার স্বল্প লাভজনক প্রতিষ্ঠানের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রতিটি কার্যক্ষেত্রে কাজের প্রকৃতি অনুযায়ী দক্ষ ব্যবস্থাপক নিয়োগ করেন। কিন্তু সময়ক্ষেপণের কারণে প্রত্যাশিত পরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হচ্ছে না।

ক. সংগঠন কী? ১

খ. পরিকল্পনার নমনীয়তা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার কোন মৌলিক নীতিটি অনুসৃত হয়েছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানের বিদ্যমান সংগঠন কাঠামোটি-ই প্রত্যাশিত লক্ষ্যমাত্রা অর্জনের প্রধান অন্তরায়— মন্তব্য কর। ৪

৫.▶আলম ২০১৫ সালে একটি সেবামূলক প্রতিষ্ঠানে ব্যবস্থাপক হিসাবে নিয়োগ পান। উক্ত প্রতিষ্ঠানে নিয়োজিত প্রায় ১২০ জন কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভা করেন। তিনি অত্যন্ত যোগ্যতার সাথে সবার সহযোগিতায় উক্ত প্রতিষ্ঠানকে সফল প্রতিষ্ঠানে উপনীত করেন।

http://teachingbd.com

ক. পরামর্শমূলক নির্দেশনা বলতে কী বোঝায়? ১

খ. উত্তম নির্দেশনার ৪টি গুণ উল্লেখ করো। ২

গ. ব্যবস্থাপনা ও প্রশাসনে দায়িত্ব প্রাপ্ত আলমের নেতৃত্ব দানের উল্লেখযোগ্য গুণগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব উপযোগী বলে তুমি মনে কর? ৪

৬. ▶ কয়েকজন ব্যক্তি মিলে গাজীপুরে একটি গার্মেন্টিস ফ্যাক্টরি চালু করেন। উক্ত ফ্যাক্টরির ব্যবস্থাপনা পরিচালক হিসাবে মি. রহমান প্রয়োজনীয় জনবলের পরিকল্পনা থেকে শুরু করে নিয়োগদানের পর অত্যন্ত দক্ষতার সাথে যোগ্যতা ও অনুগত কর্মী বাহিনীতে পারণত করেন। ফলে অতিদ্রুত উক্ত ফ্যাক্টরিটি একটি সুপ্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে পরিণত হয়।

ক. কর্মীসংস্থান কী? ১

খ. কর্মীসংগ্রহের উৎসগুলো কী কী হতে পারে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যবস্থাপনা পরিচালক দক্ষ কর্মী বাহিনী কীভাবে গড়ে তোলেন? ৩

ঘ. উদ্দীপকে বর্ণিল সফল প্রতিষ্ঠানটির জনবলের প্রশিক্ষণ, নির্বাচন, পদোন্নতি ইত্যাদি ক্ষেত্রে কোন ধরনের পদক্ষেপ যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ৪

৭. ▶ দেশ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব কবির বিশ্বাস করেন যে, কর্মীরা ব্যক্তিগত অসুবিধা ছাড়া কাজে ফাঁকি দেয় না। সিন্ধান্ত গ্রহণে তাদের অংশগ্রহণের সুযোগ দিলে কাজের প্রতি তাদের অঙ্গীকার বৃন্ধি পায়। তবে প্রতিষ্ঠানের স্বার্থে যে কোন ধরনের সিন্ধান্ত নিতে তিনি কুণ্ঠাবোধ করেন না। তবে আবেগের বশবর্তী হয়ে তিনি কোন কাজ করেন না। যে কোন সিন্ধান্তের তাৎক্ষণিক প্রাপ্তির চেয়ে দীর্ঘমেয়াদি প্রাপ্তিকে অধিক গুরুত্ব দেন।

ক. আনুষ্ঠানিক নেতৃত্ব কী? ১

Teachingbd.com

খ. নেতৃত্বের ওপর আস্থাবোধ সৃষ্টি কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. ক্ষমতা প্রয়োগের ভিত্তিতে জনাব কবিরের নেতৃত্বের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. একজন আদর্শ নেতার গুণাবলির আলোকে জনাব কবিরকে মূল্যায়ন কর। ৪

৮. ▶ জনাব শোয়েব মেঘনা গার্মেন্টিস এ উৎপাদন বিভাগের একজন সহকারী ব্যবস্থাপক। উৎপাদন ব্যবস্থাপকের পদটি শূন্য হলে পর্যাপ্ত যোগ্যতা থাকা সত্ত্বেও জনাব শোয়েবকে পদোন্নতি না দিয়ে প্রতিষ্ঠানের MD এর ভগ্নিপতি মি. মনিরকে পদোন্নতি দেয়া হয়। এতে জনাব শোয়েব অসন্তুষ্ট এবং হতাশ হন। কাজের প্রতি তার আগ্রহ কমে যায়। ২০১৪ সালে প্রতিষ্ঠানটি লক্ষ্যমাত্রার মাত্র ৭০% অর্জন করতে সমর্থ হয়।

ক. দ্বি-উপাদান তত্ত্বের জনক কে? ১

খ. প্রেষণাচক্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে কোন ধরনের প্রেষণার প্রভাব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানের উৎপাদন বিবেচনায় প্রেষণা ও উৎপাদনশীলতার সম্পর্ক নিরূপণ কর। ৪

৯. ▶ জনাব সিরাজ যোগাযোগে ই-ইলেকট্রনিক প্রযুক্তিকে সবসময় অগ্রাধিকার দেন। তিনি তার ব্যবসায়িক পক্ষগুলোর সাথে ইন্টারনেট প্রযুক্তির সাহায্যে নিজস্ব ওয়েব ঠিকানা ব্যবহার করে তথ্য আদান-প্রদান করে। ইদানীং তিনি পণ্য আমদানি করার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. যোগাযোগ কী? ১

খ. যোগাযোগের প্রক্রিয়া বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ব্যবহৃত ইলেকট্রনিক যোগাযোগ পদ্ধতিটি ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর জনাব সিরাজ তার পছন্দমতো যোগাযোগ মাধ্যম ব্যবহার করে আমদানি প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে? যুক্তিসহ মতামত দাও। ৪

Teachingbd.com

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা- দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　　পূর্ণমান — ৪০　　　বিষয় কোড: ২ ৭ ৮

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. একার্থক পরিকল্পনার অন্তর্ভুক্ত হলো—
i. কর্মসূচি　ii. প্রকল্প
iii. নীতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২. সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার প্রথম ধাপ কোনটি?
ক আদর্শমান নির্ধারণ
খ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ
গ সমস্যা চিহ্নিতকরণ
ঘ বিকল্প নির্ধারণ

৩. ঢাকা-গাজীপুরমেট্রোরেল নির্মাণ কোন ধরনের পরিকল্পনা?
ক একার্থক　খ স্থায়ী
গ স্ট্র্যাটিজিক　ঘ কার্যভিত্তিক

৪. স্বৈরতান্ত্রিক প্রবণতা দেখা যায় কোন সংগঠন কাঠামোতে?
ক কমিটি সংগঠন　খ সরলরৈখিক সংগঠন
গ মেট্রিক্স সংগঠন　ঘ কার্যভিত্তিক সংগঠন

৫. বিশেষজ্ঞ কর্মীদের সরাসরি নির্বাহী হিসেবে নিয়োগ দেওয়া হয় কোন ধরনের সংগঠনে?
ক সরলরৈখিক　খ মেট্রিক্স
গ সরলরৈখিক উপদেষ্টা　ঘ কার্যভিত্তিক

৬. মেট্রিক্স সংগঠনের বৈশিষ্ট্য হলো—
i. বৃহদায়তন ব্যবসায়ে ব্যবহার
ii. সর্বাধুনিক উপযোগী সংগঠন কাঠামো
iii. এতে দু'ধরনের নির্বাহী থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৭. সংগঠন কাঠামো দেখে নিচের কোনটি সম্পর্কে জানা যায়?
ক নেতৃত্বের প্রকৃতি　খ নির্দেশনার ধরন
গ প্রতিষ্ঠানের সামর্থ্য　ঘ কর্তৃত্ব প্রবাহ রেখা

৮. মেট্রিক্স সংগঠন প্রবর্তিত হয় কত সালে?
ক ১৯৫০　খ ১৯৬০
গ ১৯৬৫　ঘ ১৯৬৭

৯. কাজের প্রতি আগ্রহ যাচাইয়ের জন্য কোন পরীক্ষা উপযুক্ত?
ক ব্যক্তিত্ব　খ বুদ্ধিমত্তা
গ সাফল্য　ঘ প্রবণতা

১০. কোনটি কর্মী সংগ্রহের বাহ্যিক উৎসের মধ্যে পড়ে?
ক পদোন্নতি
খ নিয়োজিত কর্মীদের সুপারিশ
গ শ্রমিক সংঘের সুপারিশ
ঘ বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র

১১. নিচের কোনটি কাজের মাধ্যমে প্রশিক্ষণ পদ্ধতি বহির্ভূত?
ক সেমিনার　খ শিক্ষানবিশ
গ প্রবেশনা　ঘ পর্যবেক্ষণ পদ্ধতি

১২. কর্মীসংস্থান প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হলো—
i. কর্মী সংগ্রহ　ii. কর্মী নির্বাচন
iii. কর্মী প্রশিক্ষণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

১৩. পদোন্নতির ভিত্তি কয়টি?
ক ২টি　খ ৩টি
গ ৪টি　ঘ ৫টি

১৪. পিতৃসুলভ নেতৃত্ব কোন নেতৃত্বের উন্নত ও ইতিবাচক সংস্করণ?
ক স্বৈরতান্ত্রিক　খ গণতান্ত্রিক
গ কর্মকেন্দ্রিক　ঘ কর্মীকেন্দ্রিক

১৫. কর্মীদের কাজের সিদ্ধান্ত কর্মীরাই নেয় কোন ধরনের নেতৃত্বে?
ক গণতান্ত্রিক　খ পিতৃসুলভ
গ বিশেষজ্ঞ　ঘ মুক্ত বা লাগামহীন

১৬. উত্তম নির্দেশনার বৈশিষ্ট্য হলো—
i. যৌক্তিকতা
ii. স্পষ্টতা
iii. অনমনীয়তা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

১৭. পরামর্শমূলক নির্দেশনার সুবিধা কোনটি?
ক পরিকল্পনার উৎকর্ষতাসাধন
খ দ্রুত সিদ্ধান্ত গ্রহণ
গ পরামর্শক শ্রেণির উদ্ভব
ঘ উর্ধ্বতনের কর্তৃত্ব সাধন

১৮. চাহিদা সোপান তত্ত্বের সর্বশেষ চাহিদা স্তর কোনটি?
ক আত্মপ্রতিষ্ঠার চাহিদা
খ আত্মতৃপ্তির চাহিদা
গ নিরাপত্তার চাহিদা
ঘ সামাজিক চাহিদা

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।**

বেঙ্গল জুস লিমিটেড তার কর্মীদের জন্য নিজস্ব পরিবহনের ব্যবস্থা করেছে। তবে প্রতিষ্ঠানটিতে চেইন অব কমান্ড না থাকায় সব সময় বিশৃঙ্খলা লেগেই থাকে। তাই অনেকে চাকরি ছেড়ে চলে যাচ্ছে।

১৯. বেঙ্গল জুস লিমিটেডে কোন ধরনের প্রেষণা বিদ্যমান?
ক আর্থিক　খ অনার্থিক
গ ইতিবাচক　ঘ নেতিবাচক

TeachingBD.com

২০. চাহিদা সোপান তত্ত্ব অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের সমস্যা সমাধান হলে ঘটবে—
i. কর্মীরা সামাজিক কাজে অংশ নেবে
ii. কর্মীদের দীর্ঘমেয়াদে ধরে রাখা সম্ভব হবে
iii. কর্মীরা প্রেষিত হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২১. ডিকোডিং বলতে কোনটি বুঝায়?
ক) প্রাপক কর্তৃক সংবাদ গ্রহণ
খ) সংবাদ গ্রহণযোগ্য করে সাজানো
গ) ফলাবর্তন
ঘ) সংবাদ প্রেরণ

২২. যোগাযোগ প্রক্রিয়ার চূড়ান্ত পর্যায় কোনটি?
ক) সংবাদ প্রেরণ
খ) সংবাদ গ্রহণ
গ) অর্থ উদ্ধার
ঘ) ফলাবর্তন

২৩. লিখিত যোগাযোগের মাধ্যম বহির্ভূত নিচের কোনটি?
ক) সার্কুলার
খ) পত্রিকা
গ) ক্ষুদে বার্তা সেবা
ঘ) সাক্ষাৎকার

২৪. যোগাযোগ প্রক্রিয়ার উপাদান হলো—
i. সংবাদ
ii. মাধ্যম
iii. ফলাবর্তন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) ii ও iii
গ) i ও iii
ঘ) i, ii ও iii

২৫. সমন্বয় সাধনের প্রধান উদ্দেশ্য কোনটি?
ক) ঐক্য স্থাপন
খ) নীতি বাস্তবায়ন
গ) ব্যয় হ্রাস
ঘ) উৎপাদন বৃদ্ধি

২৬. সমন্বয় সাধনের নীতির মধ্যে পড়ে—
i. উদ্দেশ্যের ঐক্যের নীতি
ii. ভারসাম্যের নীতি
iii. মিতব্যয়িতার নীতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

২৭. নিয়ন্ত্রণের ভিত্তি কোনটি?
ক) নির্দেশনা
খ) সমন্বয়
গ) নেতৃত্ব
ঘ) পরিকল্পনা

২৮. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার প্রথম ধাপ কোনটি?
ক) বিচ্যুতি নির্ণয়
খ) বিচ্যুতির কারণ মূল্যায়ন
গ) আদর্শমান প্রতিষ্ঠা
ঘ) সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ

২৯. কোন নিয়ন্ত্রণ কৌশলের ক্ষেত্রে লাভ-ক্ষতির শূন্য (০) স্তর বের করা হয়?
ক) ব্রেক ইভেন বিন্দু
খ) গ্যান্ট চার্ট
গ) পাই চার্ট
ঘ) পার্ট

৩০. পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশকে কী বলে?
ক) লক্ষ্য
খ) বাজেট
গ) মিশন
ঘ) নীতি

৩১. কোনটি ব্যবস্থাপনার সহায়ক কার্যাবলির অন্তর্ভুক্ত?
ক) নেতৃত্ব
খ) নিয়ন্ত্রণ
গ) যোগাযোগ
ঘ) প্রেষণা

৩২. একটি প্রতিষ্ঠানের উচ্চ স্তরের কাজ হলো—
i. লক্ষ্য নির্ধারণ
ii. পরিকল্পনা প্রণয়ন
iii. সংগঠিত করণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

৩৩. শিল্প বিপ্লবের সূত্রপাত সর্বপ্রথম কোথায় ঘটে?
ক) মার্কিন যুক্তরাষ্ট্রে
খ) ফ্রান্সে
গ) ব্রিটেনে
ঘ) জার্মানিতে

৩৪. ব্যবস্থাপনা চক্রে নিয়ন্ত্রণের পরবর্তী কাজ কী?
ক) সমন্বয়
খ) নেতৃত্ব দান
গ) পরিকল্পনা
ঘ) সংগঠন

৩৫. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে?
ক) কুঞ্জ
খ) টেলর
গ) ফেয়ল
ঘ) নিউম্যান

৩৬. দ্বৈত অধীনতা পরিহার করা উচিত কোন নীতির আলোকে?
ক) কার্য বিভাজন
খ) নিয়মানুবর্তিতা
গ) আদেশের ঐক্য
ঘ) নির্দেশনার ঐক্য

৩৭. ব্যবস্থাপনার নীতি হলো—
i. আদেশের ঐক্য
ii. দক্ষতা
iii. নির্দেশনার ঐক্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

৩৮. ব্যবস্থাপনার কোন নীতি অনুসারে সিদ্ধান্ত গ্রহণে কর্মীর ভূমিকা হ্রাস পায়?
ক) কেন্দ্রীকরণ
খ) বিকেন্দ্রীকরণ
গ) সাম্যতা
ঘ) একতাই বল

৩৯. হেনরি ফেয়ল প্রদত্ত ব্যবস্থাপনার শেষ নীতি কোনটি?
ক) পারিশ্রমিকের নীতি
খ) সাম্যের নীতি
গ) একতাই বল নীতি
ঘ) উদ্যোগ নীতি

৪০. কোন ধরনের পরিকল্পনায় নমনীয়তার অভাব লক্ষ্য করা যায়?
ক) একার্থক
খ) স্থায়ী
গ) দীর্ঘমেয়াদি
ঘ) বিভাগীয়

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | |
| ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ | |
| ২১ | খ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ | |
| ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | খ | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | ঘ | |

Teachingbd.com